

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে গাজীপুরের ১০ (দশ) টি হাসপাতাল ও ০১ (এক) টি কারখানাকে মোট ৩ লক্ষ ৪৪ হাজার ৬৮৮ টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে ০৩/০১/২০২২ তারিখ ও ০৪/০১/২০২২ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব মোহাম্মদ মাসুদ হাসান পাটোয়ারী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অত্রে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে ১) উপশম হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, চান্দনা চৌরাস্তা, সদর, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ২) কোনাবাড়ী ইউনাইটেড হাসপিটাল, বাসস্ট্যান্ড, কোনাবাড়ী, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৩) পিওর লাইফ জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, জি-৩০/৫, শাকিল ভবন, হাজীপাড়া, জয়দেবপুর, গাজীপুর সদর, গাজীপুর -কে ৩০ হাজার টাকা, ৪) দেওয়ান ডিজিটাল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার (প্রাঃ), আহম্মদ মাজা (৩য় তলা), বাইপাস সংলগ্ন, কলেজ রোড, কালিয়াকৈর, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৫) জামেদা মাল্টিকেমার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, শ্রীপুর চৌরাস্তা, শ্রীপুর, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৬) ডক্টরস ফাউন্ডেশন হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, চাদপুর ভবন, ঢাকা রোড, চান্দনা চৌরাস্তা, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৭) গাজীপুর ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার, কেবির মার্কেট (২য় তলা), রাজবাড়ী রোড, জয়দেবপুর, গাজীপুর সদর, গাজীপুর -কে ৩০ হাজার টাকা, ৮) চৌরাস্তা মডার্ন হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, আউটপাড়া, চান্দনা চৌরাস্তা, গাজীপুর-কে ৩০ হাজার টাকা, ৯) কেয়ার এন্ড কিউর হাসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, মানিক ভবন (৩য় তলা), রাজবাড়ী রোড, জয়দেবপুর, গাজীপুর -কে ৩০ হাজার টাকা, ১০) এ, কে আল শেফা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, চৌরাস্তা, মাওনা রোড, শ্রীপুর, গাজীপুর-কে ৩০ হাজার টাকা এবং ১১) এজিএস ইন্টারন্যাশনাল লিঃ, বি-৪৯, বিসিক শি/এ, টংগী, গাজীপুর-কে ৪৪ হাজার ৬৮৮ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এ শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখঃ ০৪/০১/২০২২ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ রেজুওয়ান ইসলাম)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোঃ)